দৈনিক সংবাদ

তারিখ 20 OCT 1995
পৃষ্ঠা ৪ কলাম ৮

UU

## সুনির্দিষ্ট শিক্ষানীতি চাই

এ কথা সকলেই মানবেন যে, বর্তমানে আমাদের দেশে সুনির্দিষ্ট শিক্ষানীতি নেই। শিক্ষা মন্ত্রণালয় থেকে বছরের যেকোন সময়ে ইচ্ছামাফিক এক একটি নির্দেশ জারি করা হয় (বিশেষত এসএসসি পর্যায়ের জন্য) এবং ছাত্রদের পছন্দ হলে তা বহাল থাকে আর পছন্দ না হলে গাড়ি ভাংচুর ও মিছিল করলেই তা পাল্টে যায়। এসব দেখেশুনে মনে হয় এটা হবু রাজার দেশ; যেখানে কোন আইন-শৃঙ্খলা ও নিয়মনীতি নেই। দেশের সুন্দর ভবিষ্যৎ এবং সুশিক্ষিত আগামী প্রজন্মের জন্য চাই সুনির্দিষ্ট শিক্ষানীতি, যা যখন-তখন পরিবর্তিত হবে না। শিক্ষা বিশেষজ্ঞগণকে নিয়ে এ ব্যাপারে কমিশন গঠন করে প্রাথমিক পর্যায়ে আমাদের দেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এবং উচ্চতর পর্যায়ে আন্তর্জাতিক মানের শিক্ষানীতি প্রণীত হওয়া উচিত বলে মনে করি এবং তা অতিসত্বর।

মোছানূর-উন-নাহার
উত্তর কাটনার পাড়া
বগুড়া-৫৮০০